



ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকার হলেন আলতাফ হোসেন চৌধুরী



আলতাফ হোসেন চৌধুরী। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকার হিসেবে দায়িত্ব নিতে যাচ্ছেন আলতাফ হোসেন চৌধুরী। বৃহস্পতিবার সকাল ১১টায় অনুষ্ঠিত হবে সংসদের প্রথম অধিবেশন, যেখানে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন স্পিকারের শপথ পড়াবেন।

অধিবেশনকে ঘিরে শেরেবাংলা নগর ও সংসদ ভবনের আশেপাশে নিরাপত্তা ব্যবস্থা শক্ত করা হয়েছে। ঢাকা মেট্রোপলিটন পুলিশ বুধবার রাত ১২টা থেকে অধিবেশন শেষ না হওয়া পর্যন্ত ওই এলাকায় সব ধরনের সভা, সমাবেশ, মিছিল এবং অস্ত্র বা বিস্ফোরক বহন নিষিদ্ধ করেছে। এ নির্দেশ ডিএমপি কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সরওয়ারের স্বাক্ষরিত গণবিজ্ঞপ্তির মাধ্যমে জারি করা হয়েছে।

# LENS ASIA